তারিখ 25 NOV 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# এমবিবিএস ভর্তি পরীক্ষায় নূতন নিয়ম

মোড়ল নজরুল ইসলাম ॥ দেশের মেডিকেল কলেজসমূহে এমবিবিএস ভর্তি পরীক্ষার নূতন নিয়ম চালু করা হইতেছে। এই নিয়মানুযায়ী এসএসসি ও এইচ-

( শেষ পৃ: ৪-এর ক: দ্র: )

## এমবিবিএস

( ১ম পৃঃ পর )

এসসি দুই পরীক্ষার ন্যূনতম ১৩ শত নম্বরের কম হইলে কেহ আবেদন করিতে পারিবে না। পূর্বে ১২ শত নম্বর থাকিলে চলিত। এখন হইতে সর্বোচ্চ ৩টি শিক্ষাবর্ষের পরিবর্তে কেহ পর পর দুইটি শিক্ষাবর্ষের বেশী ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারিবে না। লিখিত পরীক্ষায় পূর্বেকার ১৫০ নম্বরের পরিবর্তে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হইবে। তবে মৌখিক পরীক্ষায় পূর্বের ২০ নম্বর বহাল রাখা হইয়াছে। নূতন নিয়মে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের উপর অধিক গুরুত্ব দেওয়া হইয়াছে। এখন হইতে এসএসসি পরীক্ষায় ৩ শতাংশ হারে ৩০ নম্বর এবং এইচএসসি পরীক্ষায় ৫ শতাংশ হারে ৫০ নম্বর, অর্থাৎ মোট ৮০ নম্বর ধার্য করা হইয়াছে। পূর্বে এই দুইটি পরীক্ষার ক্ষেত্রে মোট ২০ নম্বর ধার্য ছিল। নূতন নিয়মানুযায়ী লিখিত পরীক্ষায় ১০০ নম্বর, মৌখিক পরীক্ষায় ২০ নম্বর এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ৮০ নম্বর, অর্থাৎ মোট ২০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের মেধাক্রমানুসারে প্রার্থী নির্বাচিত করা হইবে। ইহা ছাড়া এমবিবিএস ভর্তি পরীক্ষায় ক্ষেত্রে পূর্বেকার প্রচলিত সকল নিয়ম বলবৎ থাকিবে। আসন্ন ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ হইতে এমবিবিএস ভর্তি পরীক্ষার নূতন নিয়ম কার্যকর হইবে। স্বাস্থ্য বিভাগ হইতে বলা হয়, শীঘ্রই নূতন নিয়ম সংক্রান্ত আদেশ জারি করা হইবে।

দেশে বর্তমানে ৮টি পুরাতনসহ ১৩টি সরকারী মেডিক্যাল কলেজ রহিয়াছে। ইহাছাড়া আরও কয়েকটি বেসরকারী মেডিক্যাল কলেজ চালু হইয়াছে। সরকারী মেডিক্যাল কলেজগুলিতে ভর্তির জন্য ১ হাজার ৩৫০ জন ছাত্র-ছাত্রী নির্বাচনের ক্ষেত্রে নূতন নিয়ম কার্যকর হইবে। মোট আসনের শতকরা ৫০ ভাগ জাতীয় মেধার ভিত্তিতে এবং অবশিষ্ট ৫০ ভাগ মেধার ভিত্তিতে জেলা কোটা অনুযায়ী নির্বাচিত করা হইবে। নূতন নিয়মে পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে কোন পরিবর্তন করা হয় নাই।

এমবিবিএস ভর্তি পরীক্ষার ক্ষেত্রে কতিপয় পরিবর্তনের ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের মেডিক্যাল এডুকেশন দপ্তরের পরিচালক অধ্যাপক একেএম নূরল আনোয়ার জানান, গত বছর প্রায় ২৩ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। প্রতিবছর পরীক্ষার্থীদের সংখ্যা বাড়িয়াই চলিয়াছে। তিনি জানান, সুষ্ঠু পরীক্ষা পরিচালনার উদ্দেশ্যেই পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে কতিপয় পরিবর্তন করা হইয়াছে। তাহার মতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের উপর গুরুত্ব দেওয়ায় মেধাবী ছাত্র-ছাত্রীদের ভর্তির সুযোগ সৃষ্টি হইবে।

এদিকে ভর্তি পরীক্ষার নূতন নিয়ম চালু হইলে আগামী জানুয়ারী মাসে অনুষ্ঠিতব্য প্রথম বর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষায় গত বছর অপেক্ষা অন্ততঃ ৬/৭ হাজার কম ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবে। ইহাছাড়া পর পর তিনটি শিক্ষাবর্ষের পরিবর্তে দুইটি শিক্ষাবর্ষের বেশী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বন্ধ হওয়ায় কিছু ছাত্র-ছাত্রী কমিবে। গত বছরের আলোকে ধারণা করা হইতেছে এই বছর ভর্তি পরীক্ষায় মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৫/১৬ হাজারের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।